177

দৈনিক সংবাদ

তারিখ ... 06 JUL 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ২

# শহীদুল্লাহ হল ঃ বহিরাগতদের হুমকি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। গত মঙ্গলবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদুল্লাহ হলের সহকারী আবাসিক শিক্ষক ডঃ মোঃ হোসেন মনসুর হলে অবস্থানরত কয়েকজন বহিরাগত ছাত্রদল কর্মী দ্বারা লাঞ্ছিত হন। ডঃ মনসুর ঢাকা বিশ্ববিদ্যালয় ভূতত্ত্ব বিভাগের অধ্যাপক এবং শিক্ষক সমিতির যুগ্ম সম্পাদক। ঐ কর্মীরা তাঁকে মেরে ফেলার হুমকিও দিয়েছে।

শহীদুল্লাহ হলের প্রাধ্যক্ষের নির্দেশে মঙ্গলবার রাতে ডঃ মনসুর শহীদুল্লাহ হলের কক্ষগুলো পরিদর্শনে যান এবং পরিচয়পত্রের মাধ্যমে সিট নেয়ার নির্দেশ দিতে থাকেন। কর্তব্য পালনের এক পর্যায়ে হলের ৩০১৯ নং কক্ষে তিনি বেশ কিছু বহিরাগতকে দেখতে পান এবং এর মধ্যে দু'জন নিজেদের ছাত্র বলে পরিচয় দেয়। এ সময় ঐ দু'জনের একজন ডঃ মনসুরকে জেরা করে যে, ছাত্রলীগের কর্মীরা কেন দোতলার পরিবেশ নষ্ট করছে। কিন্তু ডঃ মনসুর ৩য় তলার দায়িত্বপ্রাপ্ত আবাসিক শিক্ষক বিধায় দো'তলার ছাত্র সংক্রান্ত ব্যাপারে উত্তর দিতে অপরাগতা প্রকাশ করেন এবং এ ব্যাপারে তাদের দো'তলার দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ডঃ সাইফুল ইসলামের সাথে যোগাযোগের উপদেশ দেন। এরপরও তারা দো'তলায় অবস্থানরত ছাত্রলীগ কর্মীদের সম্পর্কে উত্তর দেয়ার জন্য তাঁকে চাপ দিলে তিনি বিষয়টি হল প্রাধ্যক্ষ ও উপাচার্যকে অবহিত করবেন বলে হুমকি ঃ পৃঃ ৮ কঃ ৪

## হুমকি ঃ শহীদুল্লাহ হলে

( ১ম পৃষ্ঠার পর )

জানান। কিন্তু, এতেও তারা ক্ষান্ত না হয়ে সহকারী আবাসিক শিক্ষককে ধাওয়া করে এবং তিনি পালিয়ে যেতে বাধ্য হন। এ সময় ১০/১২ জন যুবক সমবেত হয়ে উক্ত শিক্ষককে, তার পরিবারকে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্দেশ্যে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করতে থাকে। ডঃ মনসুর রাতের অন্ধকারে শহীদুল্লাহ হলের প্রাধ্যক্ষের বাসায় উপস্থিত হলে তিনি তাকে স্টোর রুমে লুকিয়ে রাখেন। এসময় ঐ ছাত্ররা ডঃ মনসুরের বাসা ঘিরে ফেলে ও তাঁকে প্রাণনাশের হুমকি দেয়। হুমকির মুখে তাঁর স্ত্রী ও দুই কন্যা ভয়ে কান্নাকাটি শুরু করে দেয়। রাত ২টার দিকে হলের প্রাধ্যক্ষ ও আরেকজন আবাসিক শিক্ষকের সহায়তায় নিরাপদে তিনি বাড়িতে ফিরে যান।

ডঃ মনসুর গতকাল লিখিতভাবে বিশ্ববিদ্যালয় উপাচার্য, প্রক্টর, শহীদুল্লাহ হল প্রাধ্যক্ষ এবং শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদককে ঘটনাটি জানান/এবং কর্তৃপক্ষের কাছে তাঁর ও তাঁর পরিবারবর্গের নিরাপত্তার নিশ্চয়তা দাবি করেন।

এক যুক্ত বিবৃতিতে ছাত্রলীগ (শা-পা)-র বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক ছাত্রদল কর্তৃক শহীদুল্লাহ হলের আবাসিক শিক্ষক লাঞ্ছিত হওয়ায় তীব্র নিন্দা জ্ঞাপন ও দোষী ব্যক্তিদের শাস্তি দাবিকরেন।